যুগান্তর

১৭

তারিখ ... 1 JAN 2012 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

নিশ্চিন্তপুর ও বহদ্দারহাট ট্র্যাজেডি

# নিহতদের পরিবারকে দুই লাখ টাকা দেয়ার ঘোষণা প্রধানমন্ত্রীর

যুগান্তর রিপোর্ট

আশুলিয়ার নিশ্চিন্তপুরে তাজরীন ফ্যাশন পোশাক কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ড ও চট্টগ্রামে ফ্লাইওভার ভেঙে মর্মান্তিকভাবে নিহতদের পরিবারকে নগদ দুই লাখ ও আহতদের চিকিৎসার জন্য ৫০ হাজার টাকা অর্থ সহায়তা দেয়ার ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শুক্রবার সন্ধ্যায় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী (মিডিয়া) মাহবুবুল হক শাকিল সাংবাদিকদের এ তথ্য জানিয়েছেন। তিনি জানিয়েছেন, প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে এ অর্থসহায়তা দেয়া হবে। এর মধ্যে সাভারে পোশাক কারখানায় আগুনে নিহতদের মধ্যে যাদের পরিচয় পাওয়া গেছে তাদের পরিবার ২ লাখ টাকা করে পাবে। আহতরা পাবেন ৫০ হাজার টাকা করে। চট্টগ্রামের বহদ্দারহাটে ফ্লাইওভার ভেঙে

পরিবারকে : পৃষ্ঠা ১৯ : কলাম ৬

# রাজধানীর ৩ শতাধিক প্রাথমিক বিদ্যালয় নানা সমস্যায় জড়িত

মুশতাক আহমদ

কোটি কোটি টাকা ব্যয় করে সরকার রাজধানীতে তিন শতাধিক প্রাথমিক বিদ্যালয় চালাচ্ছে। অথচ ওই সব শিক্ষাপ্রতিষ্ঠান অভিভাবকদের কাছে একপ্রকার আকর্ষণহীন হয়ে গেছে। সংশ্লিষ্টরা জানান, উচ্চবিত্ত শ্রেণী তো দূরের কথা, মধ্যবিত্ত এমনকি নিম্নমধ্যবিত্ত শ্রেণীর মানুষের সন্তানরাও ভর্তি হয় না ওই সব প্রতিষ্ঠানে। সেগুলো অনেকটাই রিকশাওয়ালা, মুটে, শ্রমিকসহ নগরীর স্বল্প আয় এবং অনগ্রসর, দরিদ্র, দিনমজুর ও বস্তিবাসী মানুষের সন্তানদের ঠিকানায় পরিণত হয়েছে।

খোঁজ নিয়ে দেখা গেছে, মানসম্মত পাঠদানের অভাব, শিক্ষক সংকট ও তাদের দায়িত্বহীনতা, সমাপনী ও (দীর্ঘদিন ধরে) বৃত্তি পরীক্ষায় ভালো ফলাফল না হওয়া, ইংরেজি ও সহপাঠ শিক্ষার প্রতি গুরুত্ব না দেয়া, অবকাঠামোগত সমস্যা, খেলার মাঠের অভাবসহ নানা কারণে স্কুলগুলো দিন দিন এভাবে আকর্ষণহীন হয়ে পড়েছে। সেই সঙ্গে সরকারের উদাসীনতা, তদারকির অভাব, বিদ্যালয় পরিচালনায় সুষ্ঠু নীতির অভাব, স্কুলের আশপাশ ও অভ্যন্তরীণ পরিবেশ, অভিভাবকদের উদাসীনতা ও মনমানসিকতা, ষষ্ঠ শ্রেণীতে নতুন করে ভর্তির সমস্যা ইত্যাদিও রয়েছে। তবে রাজধানীর বিদ্যালয়গুলোর এমন আকর্ষণহীনতার কথা অবশ্য সম্যকভাবে অবগত আছেন সরকারের নীতিনির্ধারকরা। আর এ কারণেই প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ২০১৩ সালে ঢাকার অন্তত ৫টি বিদ্যালয়কে ভিকারুননিসা নূন স্কুল ও কলেজের মতো আকর্ষণীয় করে তুলতে চায়। সচিব এমএম নিয়াজউদ্দিন যুগান্তরকে বলেন, এ লক্ষ্যে তারা একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে একটি কমিটি গঠন করেছেন। মন্ত্রণালয়ের কর্মকর্তারা ইতিমধ্যে ওই ৫টি বিদ্যালয় চিহ্নিতও করেছেন। শিগগিরই সেগুলোর নাম ঘোষণা করা হবে। তাদের লক্ষ্য হচ্ছে, যে সব কারণে ভিকারুননিসায় সব ধরনের অভিভাবক তাদের সন্তানদের ভর্তিতে আগ্রহী হন, সে সব কারণ তারাও সৃষ্টি করবেন।

উল্লেখ্য, রাজধানীতে সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে ৩০৮টি। ১২টি থানা শিক্ষা অফিসের মাধ্যমে এসব প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালিত হচ্ছে। এর মধ্যে লালবাগ থানায় ৪৩টি, সেনানিবাস এলাকায় ১৩টি, মোহাম্মদপুরে ১২টি, ডেমরায় ৪৫টি, তেজগাঁওয়ে ১০টি, রমনায় ৯টি, গুলশানে ৩৮টি, মতিঝিলে ২৩টি, সূত্রাপুরে ৩৫টি, কোতোয়ালিতে ৩২টি, মিরপুরে ৩৮টি এবং ধানমণ্ডি থানায় ১০টি স্কুল রয়েছে। সংশ্লিষ্টদের অভিযোগ,

জড়িত : পৃষ্ঠা ১৯ : কলাম ৪

# উত্তরের পাঁচ অঞ্চলের কোনটিই ভালো নেই


## ডিসিসি বিভক্তির এক বছর

ওমর ফারুক

প্রতিষ্ঠার পর এক বছর পেরিয়ে গেলেও নাগরিক সেবার উন্নয়ন হয়নি ঢাকা উত্তর সি[টি] কর্পোরেশনে। পর্যাপ্ত সংস্কার কার্যক্রম নেই বলে কর্পোরেশনভুক্ত পাঁচটি অঞ্চলে[র] কোনটার অবস্থা ভালো নেই। উন্নয়নকাজে অর্থের অভাব ও অবহেলা সেই আগে[র] মতোই চলছে। ৩৬টি ওয়ার্ডের বেশির ভাগই সমস্যাগ্রস্ত হয়ে পড়েছে। রাস্তাগুলো ভে[ঙে] একাকার। মেরামতে সরকারের কাছে বারবার আবেদন দিয়েও কাজ হচ্ছে না। ... এলাকায় মশকনিধন কার্যক্রম স্থবির হয়ে পড়েছে। বর্জ্যব্যবস্থাপনায় চলছে চ[রম] ঢিলেমি। নাগরিক সুবিধা বৃদ্ধির অজুহাতে এক বছর আগে ঐতিহ্যবাহী ঢাকাকে দু'ভা[গ] করা হলেও সুফল পাচ্ছে না নগরবাসী। সরেজমিন ঘুরে ঢাকা উত্তরে এ হাল দেখা গে[ছে]।

অঞ্চল-১ (উত্তরা) : উত্তরা আবাসিক এলাকার অধিকাংশ সড়ক ভাঙাচোরা। ১ থেকে ... নম্বর সেক্টর পর্যন্ত এলাকার প্রতিটি সেক্টরে রয়েছে খারাপ

নেই : পৃষ্ঠা ১৯ : কলাম ...



যুগান্তর

বাংলাদেশ নিউ জেনারেশন পার্টির মানববন্ধন

# বিএনপি-জামায়াত শেখ হাসিনাকে হত্যার ষড়যন্ত্র করছে

—আইন প্রতিমন্ত্রী

যুগান্তর রিপোর্ট

বিএনপি-জামায়াত প্রধানমন্ত্রী শে[খ] হাসিনাকে হত্যার ষড়যন্ত্র করছে ব[লে] অভিযোগ করেছেন আইন প্রতিম[ন্ত্রী] অ্যাডভোকেট কামরুল ইসলাম। তি[নি] বলেন, প্রকাশ্যে বিএনপির মঞ্চ থে[কে] খালেদা জিয়ার উপস্থিতিতে জামায়াত শিবিরি তাদের পরিকল্পনার ক[থা] জামায়াত নেতার মুখ ফসকে বের হ[য়ে] গেছে— শেখ হাসিনাকে প্রাণ দিতে হবে এটাই আপনাদের পরিকল্পনা। জামায়াতের এক নেতার মুখ দিয়ে এমন কথা এসেছে। শুক্রবার জাতী[য়] প্রেস ক্লাবে ঢাকার প্রথম নির্বাচিত মেয়[র] হানিফের ষষ্ঠ মৃত্যুবার্ষিকী উপলক্ষে

করছে : পৃষ্ঠা ১৯ : কলাম ...

# ...লাখ টাকা ...র লাখ

... নিয়োগ দেয়া হয় চুক্তিভিত্তিক। তারা হলেন, ...আশরাফ, ক্যাপ্টেন শামীম আহমেদ ও ক্যাপ্টেন ...আগেও তারা বিমানের স্থায়ীভিত্তিক পাইলট ছিলেন। বয়সের কারণে অবসরে গেলে তাদের চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়। আগে তাদের বেতনভাতা ছিল ৪ লাখ ৭০ হাজার টাকা। কিন্তু চুক্তিভিত্তিক নিয়োগ পাওয়ার পর তাদের বেতন নির্ধারণ করা হয় ১ লাখ ২৫ হাজার টাকা করে। নতুন নিয়োগ পাওয়ার পর বিমানের প্রশাসন বিভাগ থেকে তাদের নিয়োগপত্রটি ফিন্যান্স বিভাগে গেলেও দুঃখজনক হলেও সত্য— সেটা কেউ পড়ে দেখেননি। যার কারণে

# পঞ্চগড় সিভিল সার্জ[ন] অফিসে কোটি টাকা[র] দরপত্র ছিনতাই

পঞ্চগড় প্রতিনি[ধি]

পঞ্চগড় সিভিল সার্জন অফিসে প্র... কোটি টাকার এমএসআর (ওষুধপ[ত্র], গজ ব্যান্ডেজ, সার্জিক্যাল যন্ত্রপাতি, লিলেন ও আসবাবপত্র) সাম[গ্রী] সরবরাহের দরপত্র ছিনতাইয়ের লিখি[ত] অভিযোগ পাওয়া গেছে। ক্ষমতাসী[ন] দলের পঞ্চগড়-১ আসনের এমপির ভা[গ্নে] নিজানুর রহমান কুনার নেতৃত্বে ছাত্রলী[গ] ও যুবলীগের কতিপয় নেতাকর্মী এ ছিনতাইয়ের সঙ্গে জড়িত বলে ও অভিযোগে উল্লেখ করা হয়েছে। ঢাকাস্থ ঠিকাদারি প্রতিষ্ঠান আপো... কর্পোরেশনের প্রতিনিধি শাহেনশাহ। বনানী মেডিকেল স্টোরের প্রতিনি[ধি]